43

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 2 JUN 1997 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ২ ...

### ঢাকা বিশ্ববিদ্যালয় সন্ত্রাসমুক্ত করার উদ্যোগ

# হলে হলে পুলিশ প্রহরার ব্যবস্থা ॥ বহিরাগতরা এখন গা ঢাকা দিয়েছে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার॥** ঢাকা বিশ্ববিদ্যালয় এখন বহিরাগতমুক্ত হওয়ার পথে। বিভিন্ন হলে রবিবার বিকাল থেকে সর্বক্ষণিক পুলিশ প্রহরার ব্যবস্থা করায় অধিকাংশ বহিরাগত গা ঢাকা দিয়েছে। বৈধ পরিচয়পত্র ছাড়া কাউকে হলে ঢুকতে দেয়া হচ্ছে না। তবে এসএম হল এবং জগন্নাথ হলে পরিচয়পত্র চেক করা হচ্ছে না বলে হলের সাধারণ ছাত্ররা জানিয়েছে। সম্প্রতি পুলিশ প্রশাসন, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং হল প্রভোস্ট স্ট্যান্ডিং কমিটির সঙ্গে উপাচার্য অধ্যাপক একে আজাদ

(১৫ পৃঃ ৬-এর কঃ দেখুন)

(প্রথম পাতার পর) **হলে হলে পুলিশ**

চৌধুরীর এক সভায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র হলগুলোতে সর্বক্ষণিক পুলিশ প্রহরা রাখার সিদ্ধান্ত নেয়া হয়। একই সাথে ছাত্রছাত্রীদের লেমিনেটেড পরিচয়পত্র প্রদানেরও সিদ্ধান্ত নেয়া হয়।

ইতোপূর্বে ছাত্রদল নেতা আরিফ হোসেন তাজ হত্যাকাণ্ডের পর ছাত্রদল নিয়ন্ত্রিত চারটি হলে সর্বক্ষণিক পুলিশ প্রহরার ব্যবস্থা করা হয়। রবিবার থেকে ছাত্রলীগ (শা-পা) নিয়ন্ত্রিত সাতটি হলে পুলিশ প্রহরার ব্যবস্থা করা হলো। জানা গেছে, শনিবার রাতে হলে সর্বক্ষণিক পুলিশ প্রহরায় ব্যবস্থা হচ্ছে—এ খবর ছড়িয়ে পড়লে তৎক্ষণাৎ অনেক বহিরাগত হল ছেড়ে চলে যায়। বাকিরা রবিবার সকালে হল ছেড়ে দেয়। তবে বিভিন্ন হলের সামনে বহিরাগত সন্ত্রাসীদের ঘোরাফেরা করতে দেখা যায়।

রবিবার 'টক অব দ্য ক্যাম্পাস' ছিল হলে হলে সর্বক্ষণিক পুলিশ প্রহরা। বিভিন্ন ছাত্র সংগঠনের নেতা-কর্মী এমনকি সাধারণ ছাত্রদের মধ্যেও এটি ছিল আলোচনার বিষয়। মূলত বহিরাগতদের তাড়ানোর জন্য পুলিশ প্রহরার ব্যবস্থা নেয়া হলেও অনেক অনাবাসিক কিন্তু হলে থাকছে এ রকম ছাত্র ও সদ্য পাস করা ছাত্ররা সমস্যায় পড়েছে। এসব ছাত্রকে হলে থাকার বিশেষ অনুমতি লাভের জন্য হল প্রভোস্ট অফিসে দৌড়াদৌড়ি করতে দেখা যায়। বিভিন্ন হলে অবস্থানকারী অধিকাংশ ছাত্রেরই ধারণা যে, আগামী কয়েক দিনের মধ্যে পুলিশ প্রহরা উঠে যাবে। পুলিশ প্রহরা উঠে গেলে আবার বহিরাগত সন্ত্রাসীরা এসে হলে অবস্থান নেবে।